# বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০

Webpage.www.bangladeshmuseum.gov.bd

prebd.com

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন আহসান মঞ্জিল জাদুঘর ও জিয়া স্মৃতি জাদুঘরে জনবল নিয়োগকল্পে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।

| ক্রমিক নং | পদের নাম ও জাতীয় বেতন স্কেল (২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/পুত্র-কণ্যার পুত্র-কণ্যা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সহকারী কীপার (সংস্কৃত/পালি) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংস্কৃত বা পালি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংস্কৃত/পালি বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। ইতিহাস বিষয়ক জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। | - |
| ২। | সহকারী কীপার (উদ্ভিদবিদ্যা) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা উদ্ভিদবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। মাঠপর্যায়ের অভিজ্ঞতা ও উদ্ভিদবিদ্যা বিষয়ে গবেষণামূলক প্রকাশনা আছে এইরূপ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | - |
| ৩। | সহকারী রসায়নবিদ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা, ফলিত রসায়নবিদ্যা বা সংরক্ষণ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা রসায়নবিদ্যা, ফলিত রসায়নবিদ্যা বা সংরক্ষণ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। | - |
| ৪। | সহকারী রেজিস্ট্রেশন অফিসার ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট/ডিপ্লোমা অথবা জাদুঘরের নিদর্শন সংক্রান্ত রেজিস্ট্রেশনের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | - |
| ৫। | ড্রাফটস্‌ম্যান ১১৩০০-২৭৩০০/- গ্রেড-১২ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে আর্কিটেকচারে ডিপ্লোমা। | ঢাকা বিভাগঃ মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী<br>চট্টগ্রাম বিভাগঃ খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী;<br>রাজশাহী বিভাগঃ বগুড়া;<br>রংপুর বিভাগঃ পঞ্চগড়;<br>খুলনা বিভাগঃ বাগের হাট, নড়াইল;<br>বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর। |
| ৬। | স্টোর সহকারী (ল্যাবঃ) ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রি। স্টোর রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ৭। | উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০২টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি। | ঐ |
| ৮। | ফটোগ্রাফার ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমা। প্রসেসিংসহ ফটোগ্রাফির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। www.prebd.com | ঐ |
| ৯। | ড্রাইভার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১টি | ৩০ বৎসর | (ক) অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ;এবং<br>(খ) ভারী যানবাহন চালানোর লাইসেন্সসহ অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | ঐ |
| ১০। | বিক্রয় সহকারী ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০২টি | ৩০ বৎসর | কোন্ স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |

আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | নিরাপত্তা পরিদর্শক ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০১টি | ৩০ বৎসর (সেনাবাহিনী, বিমানবাহিনী, নৌবাহিনী, বাংলাদেশ রাইফেলস, পুলিশ বা আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রি। সেনাবাহিনী, বিমানবাহিনী, নৌবাহিনী, বাংলাদেশ রাইফেলস, পুলিশ বাহিনী বা আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঢাকা বিভাগঃ মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী<br>চট্টগ্রাম বিভাগঃ খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী;<br>রাজশাহী বিভাগঃ বগুড়া;<br>রংপুর বিভাগঃ পঞ্চগড়;<br>খুলনা বিভাগঃ বাগের হাট, নড়াইল;<br>বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর। |
| ২। | হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষিরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ প্রতিমিনিটে মুদ্রাক্ষরিক লিখনে বাংলায় অন্যূন ২০(বিশ) ও ইংরেজিতে অন্যূন ২৮(আটাশ) শব্দের গতি। কম্পিউটার অপারেটিংএ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |

জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণীর ডিপ্লোমা। | - |
| ২। | ইলেকট্রিশিয়ান ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১টি | ৩০ বৎসর | (ক) কোন্ স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেট এবং;<br>(গ) ইলেট্রিক লাইসেন্সিং বোর্ড হইতে লাইসেন্স প্রাপ্ত হতে হইবে। | ঢাকা বিভাগঃ মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর,<br>চট্টগ্রাম বিভাগঃ খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী;<br>রাজশাহী বিভাগঃ বগুড়া;<br>রংপুর বিভাগঃ পঞ্চগড়;<br>খুলনা বিভাগঃ বাগের হাট, নড়াইল;<br>বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর। |
| ৩। | ড্রাইভার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১টি | ৩০ বৎসর | (ক) অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ;এবং<br>(খ) ভারী যানবাহন চালানোর লাইসেন্সসহ অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | ঐ |

০১. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) নিয়োগ বিজ্ঞপ্তিটি http://bangladeshmuseum.gov.bd এবং http://bnm.teletalk.com.bd তে পাওয়া যাবে।

(খ) ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়স ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/ পুত্র-কণ্যার পুত্র-কণ্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। তবে চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental candidate এর ঘর পূরণ করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(চ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারীর যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

(ছ)নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://bnm.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i. Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮-০১-২০২১ খ্রিঃ সকাল- ১০:০০ টা।**

**ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৭-০২-২০২১ খ্রিঃ বিকাল-০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন। www.prebd.com

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৪/- (চব্বিশ) টাকাসহ সর্বমোট ২২৪/-(দুইশত চব্বিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: BNM<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example: BNM ABCDEF*

Reply: Applicant's name, TK.224 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type BNM<space>YES<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: BNM<space>YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

*Example: BNM YES xxxxxxxx*

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for BNM. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bnm.teletalk.com.bd অথবা বাংলাদেশ জাতীয় জাদুঘরের ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BNM<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example: BNM HELP USER ABCDEF* www.prebd.com

ii. PIN Number জানা থাকলে: BNM<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example: BNM HELP PIN ********

(ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা maquddus367@yahoo.com এ-মেইলে যোগাযোগ করা যাবে।

৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/ পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

চ. Online- এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Application copy)।

৪. যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৬. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোন "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

৭. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৮. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর।

স-১২২ (১৫০)